সমকাল

তারিখ 23 APR 2016
পৃষ্ঠা ৭ কলাম ৩



চুয়াডাঙ্গায় আরেফিন সিদ্দিক

# শিক্ষার মান বাড়াতে শিক্ষকদের আরও আন্তরিক হতে হবে

■ চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় শুক্রবার শিক্ষা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক। চুয়াডাঙ্গা সরকারি কলেজে সমাবেশে সভাপতিত্ব করেন জাতীয় সংসদের হুইপ সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি। সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে ঢাবি উপাচার্য বলেন, শিক্ষার মান বাড়াতে শিক্ষকদের আরও আন্তরিক হতে হবে। শিক্ষা ব্যবস্থা ভবিষ্যৎ বাংলাদেশের জন্য উপযোগী করতে হলে কোচিং বাণিজ্য বন্ধ করতে হবে। এর সঙ্গে জড়িতদের আইনের আওতায় আনতে হবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা পরিষদের প্রশাসক মাহফুজুর রহমান মনজু, জেলা প্রশাসক সায়মা ইউনুস, পুলিশ সুপার মো. রশীদুল হাসান, পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু, অধ্যক্ষ প্রফেসর মো. কামরুজ্জামান ও অধ্যক্ষ প্রফেসর নওরোজ মোহাম্মদ সাঈদ।